বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
Web: www.ugc.gov.bd

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

স্মারক নং- ৩৭.০১.০০০০.০০২.৪৫.২৪.০৬.১৩৯৭

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ ১৪৩১ / ০৪ জুন ২০২৪

বিষয়ঃ Japan Society for Promotional Science (JSPS) – University Grants Commission of Bangladesh (UGC) Joint Research Project for FY 2025- এর প্রকল্প প্রস্তাব আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **JSPS-UGC Joint Research Project for FY 2025** এর আওতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের নিকট হতে নির্ধারিত প্রোফরমায় (প্রোফরমা www.ugc.gov.bd ওয়েব সাইটের নোটিশ বোর্ড এবং স্কলারশিপ/ফেলোশিপ বক্সে পাওয়া যাবে) প্রকল্প প্রস্তাব আহ্বান করা হচ্ছে। তবে শর্ত থাকে যে, নির্ধারিত প্রোফরমা পূরণপূর্বক চাহিত সংশ্লিষ্ট সকল তথ্য (পিডিএফ ও ওয়ার্ড কপি) আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে ইমেইলযোগে (iccugcbd@gmail.com) অবশ্যই কমিশনে প্রেরণ করতে হবে এবং উহার প্রাপ্তি নিশ্চয়তা কমিশনের সংশ্লিষ্ট শাখা থেকে ইমেইলের মাধ্যমে জানানো হবে (নির্ধারিত তারিখের পরে এ বিষয়ে কোন ইমেইল গ্রহণ করা হবে না)। বর্ণিত বিষয়ে কোনো হার্ডকপি কমিশনে গ্রহণ করা হবে না।

০২। নিম্নবর্ণিত বিষয়সমূহে গবেষণার জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে:
(ক) Humanities (খ) Social Sciences (গ) Natural Sciences

০৩। প্রকল্প প্রস্তাব প্রদানকারী প্রার্থীর নিম্নোক্ত যোগ্যতা ও শর্ত পূরণ করতে হবে:
ক) প্রার্থীকে অবশ্যই পিএইচডি ডিগ্রীধারী হতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণপূর্বক আবেদন করতে হবে;
খ) বাংলাদেশের আবেদনকারীকে একজন জাপানিজ Principal Researcher/Host Scientist নির্বাচন করতে হবে; যৌথভাবে গবেষণার বিষয়ে জাপানিজ Principal Researcher/Host Scientist এর সম্মতি পত্র অবশ্যই আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং উক্ত পত্রে জাপানে ভ্রমণের মেয়াদের কথা উল্লেখ থাকতে হবে);
গ) প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে বা বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত কোন গবেষণা প্রতিষ্ঠানের শিক্ষক/গবেষক হতে হবে;
ঘ) গবেষণাকর্মে পর্যাপ্ত অভিজ্ঞতা এবং প্রকাশনা থাকতে হবে। প্রকাশনার তালিকা আবেদন ফরম এর সাথে সংযুক্ত করতে হবে;
ঙ) গবেষণার বিষয়বস্তু জাতীয় চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং সাথে সংযুক্ত ফরম অনুযায়ী আবেদন করতে হবে;
চ) নির্ধারিত প্রোফরমায় আবেদনপত্রের সাথে ইংরেজীতে পূর্ণাঙ্গ বায়োডাটা অবশ্যই সংযুক্ত করতে হবে (একাডেমিক পরীক্ষা সমূহে প্রাপ্ত ক্লাস/ডিভিশন সহ)। যে শিক্ষা প্রতিষ্ঠান এবং দেশ থেকে পিএইচডি করেছেন তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
ছ) প্রার্থীর বিগত ৫ বছরের বিদেশ ভ্রমণের পূর্ণাঙ্গ তথ্য আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে;
জ) জাপানে ভ্রমণের প্রস্তাব প্রক্রিয়াকরণের সুবিধার্থে ভ্রমণের তারিখ ০১ জুন এর পূর্বে হওয়া সমীচীন হবে;
(ঝ) উল্লেখ্য যে, আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে অবশ্যই একই তথ্য (কমিশনকর্তৃক সরবরাহকৃত প্রোফরমায় উল্লিখিত) জাপানিজ Principal Researcher/Host Scientist এর মাধ্যমে JSPS-এ সাবমিট করতে হবে। যথা সময়ে আবেদনপত্র সাবমিট না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না;
(ঞ) JSPS- এ আবেদনপত্র সাবমিশনসহ বিস্তারিত তথ্য এই লিংকে (https://www.jsps.go.jp/english/e-bilat/call.html) পাওয়া যাবে;
(ট) অসম্পূর্ণ এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল মর্মে গন্য হবে;
(ঠ) যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকার্যক্রম স্থায়ী ক্যাম্পাসে বর্তমানে পরিচালিত হচ্ছে কেবল সে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ আবেদনের যোগ্য হবেন। অস্থায়ী ক্যাম্পাসে শিক্ষাকার্যক্রম পরিচালিত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আবেদনপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে।

০৪. এমতাবস্থায়, বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য আপনার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয়, ইনস্টিটিউট এবং বিভাগসমূহের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শণসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০৪.০৬.২০২৪
মো. মামুন
সিনিয়র সহকারী সচিব
ইন্টারন্যাশনাল কোঅপারেশন এন্ড কোলাবোরেশন

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/২৩(১)/২০২২/ ৪৩৭ তারিখঃ ০৫-০৬-২০২৪

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে)ঃ

১। ডিন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা
২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) ..... , শেকৃবি, ঢাকা
৩। পরিচালক (সংশ্লিষ্ট) ..... , শেকৃবি, ঢাকা
৪। পরিচালক (আইসিটি সেল), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
৫। অতিরিক্ত পরিচালক/জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকৃবি, ঢাকা
৬। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৭। পি.এ.টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৮। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৯। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
১০। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা
১১। অতিরিক্ত কপি